

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি ও মানবিক শিক্ষা বিভাগ

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩

৩৭/৩/এ, ইক্সট্রন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০

www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ

শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৮-৮৭৬

তারিখ: ০৯.০৮.২০১৮ খ্রি।

বিষয়: মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন ধর্জী হামিদিয়া ফায়িল মাদরাসার উপাধ্যক্ষ, (ইনডেক্স নং-০৪০৬৫৩) জনাব মোহাম্মদ আবদুল বারী এর
এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ সংশোধন প্রসঙ্গে।

সূত্র: (১) ধর্জী হামিদিয়া ফায়িল মাদরাসার স্মারক নং-ধর্জী/ফামা/কাল-২০১৭/৮৩(খ)

তারিখ: ১৬.১০.২০১৭খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, মাদারীপুর জেলার কালকিনি
উপজেলাধীন ধর্জী হামিদিয়া ফায়িল মাদরাসা কর্তৃক সূত্রোহু ১২২ স্মারকে তাঁর মাদরাসার উপাধ্যক্ষ, (ইনডেক্স নং-০৪০৬৫৩) জনাব মোহাম্মদ আবদুল
বারী এর জন্ম তারিখ সংশোধন বিষয়ক একখানা আবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়।

০১. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোহাম্মদ আবদুল বারী এর এমপিও শীটে
তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৬ খ্রি: মুদ্রিত হয়। অপরদিকে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত তাঁর জন্ম অধ্যক্ষ কর্তৃক এ অধিদপ্তরে আবেদন করা হয়েছে।

০২. এমপিও শীটে মুদ্রিত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৬) ও দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৯.১৯৫৮) ভিন্ন হওয়ায় দাখিল সনদ
অনুযায়ী এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০৯.১৯৫৮ হিসেবে সংশোধনের জন্য অধ্যক্ষ কর্তৃক এ অধিদপ্তরে আবেদন করা হয়েছে।

০৩. অধ্যক্ষ এর আবেদন এবং আবেদনের সাথে সংযুক্ত তথ্য ও রেকর্ড পর্যালোচনায় আরো লক্ষ্য করা যায় যে, জনাব মোহাম্মদ আবদুল বারী
বর্ণিত মাদরাসায় ০১.০৭.১৯৭৫ খ্রি: তারিখে যোগাদান করেন এবং (০১.১১.১৯৯৭) এমপিও শীট ১৯৯৭ সালে প্রকাশিত হয়।

০৪. আবেদনের সাথে সংযুক্ত তথ্য পর্যালোচনায় আরো দেখা যায় যে, জন্ম তারিখ সম্বলিত তাঁর ১ম এমপিও শীট ১৯৯৭ সালে প্রকাশিত হয়
এবং প্রথম থেকেই এমপিও শীট তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৬ মুদ্রিত হয় যা অদ্যাবধি অব্যহত আছে। এ দীর্ঘ (১৯৯৭-২০১৬) ১৯ বছরে জন্ম তারিখ
সংশোধনের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

০৫. আবেদনের সাথে সংযুক্ত তথ্য পর্যালোচনায় আরো দেখা যায় যে, জনাব মোহাম্মদ আবদুল বারী কর্তৃক দীর্ঘ ২০০৬ থেকে ২০১২ দীর্ঘ ০৭
সাত বছরের সকল বেতন বিলে জন্ম তারিখ ০১.০৩.১৯৫৬ হিসেবে স্বাক্ষরপূর্বক বেতন-ভাত্তা উত্তোলন করা হয়েছে।


০৬. উল্লেখ্য যে, স্বাক্ষ্য আইনের ১১৫ নং ধারায় উল্লিখিত হয়েছে “যখন এক ব্যক্তি তাহার ঘোষণা, কার্য বা কার্য বিরাটির দ্বারা স্বেচ্ছায় অন্য
ব্যক্তিকে কিছু সত্ত্ব বলিয়া বিশ্বাস করাইয়াছেন বা বিশ্বাস করিতে দিয়েছেন এবং সেই বিশ্বাসের ভিত্তিতে কাজ করিতে দিয়াছেন, তখন উহাদের মধ্যে বা
উহাদের প্রতিনিধিদের মধ্যে কোন মামলায় প্রথমোক্ত ব্যক্তি বা তাহার প্রতিনিধি উক্ত বিষয়ের সত্যতা অস্থিরাক করতে পারবেন না”। অর্থাৎ যা স্বাক্ষ্য
আইন অনুযায়ী estoppel এর আওতায় পড়ে।

০৭. বর্ণিত মাদরাসার কর্তৃপক্ষ (অধ্যক্ষ/সভাপতি) কর্তৃক প্রস্তুতকৃত জন্ম তারিখ সম্বলিত বেতন-ভাত্তাদির বিল জনাব মোহাম্মদ আবদুল বারী
কর্তৃক দীর্ঘ ৭ বছর যাবৎ স্বজ্ঞানে, জেনে-বুবে জন্ম তারিখ ০১.০৩.১৯৫৬ এর বিপরীতে বেতন বিলে স্বাক্ষরপূর্বক বেতন-ভাত্তা (এমপিও) উত্তোলন
করায় স্বাক্ষ্য আইনের ১১৫ ধারা মোতাবেক জনাব মোহাম্মদ আবদুল বারী তাঁর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ ০১.০৩.১৯৫৬ সঠিক মর্মে স্থিরাকার
করে নিয়েছেন মর্মে স্পষ্ট হয় যা তিনি কোনভাবেই অস্থিরাক করতে পারেন না (স্বাক্ষ্য আইনের estoppel এর বিধান মতে)।

০৮. উপরিউক্ত মতে জনাব মোহাম্মদ আবদুল বারী এর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখটি ০১.০৩.১৯৫৬ হিসেবে বিবেচিত হবে এবং
এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৬ হিসেবে সংশোধনের কোন সুযোগ আছে বলে এ অধিদপ্তর মনে করে না।

০৯. বর্ণিত মতে মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন ধর্জী হামিদিয়া ফায়িল মাদরাসার উপাধ্যক্ষ, (ইনডেক্স নং-০৪০৬৫৩) জনাব
মোহাম্মদ আবদুল বারী এর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখটি (০১.০৩.১৯৫৮) স্বাক্ষ্য আইনের ১১৫ নং ধারা অনুযায়ী সংশোধনের কোন সুযোগ
নেই।

১০. এমতাবস্থায় উপরিউক্ত মতে বিষয়টি নির্দেশক্রমে মহোদয়ের গোচরে নেয়া হলো।


০৯.০৮.১৮
(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪১০৩০১৬৭

ই-মেইল- dgdmeb@gmail.com

১. অধ্যক্ষ, ধর্জী হামিদিয়া ফায়িল মাদরাসা, আমিরিয়া গোপালপুর, কালকিনি, মাদারীপুর।
অনুলিপি: ০১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, পরিবহনপুর, ৯ম তলা, ঢাকা।

০২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর।

০৪. অফিস কপি।